ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৮১

আগরতলা,৩১ মে,২০২৫

# ভারী বর্ষণ : সদর মহকুমার বিভিন্ন স্থানে ৪টি শেল্টার হাউস

সম্প্রতি ভারী বৃষ্টিপাতে বিভিন্ন জায়গা প্লাবিত হওয়ায় সদর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে সদর মহকুমার বিভিন্ন স্থানে ৪টি শেল্টার হাউস খোলা হয়েছে। বর্তমানে এই শেল্টার হাউসগুলিতে ৯৩৯ জন অবস্থান করছেন। এরমধ্যে ৩৮১ জন মহিলা, ৩৮৪ জন পুরুষ ও ১৭৪ জন শিশু রয়েছে। শেল্টার হাউসগুলি খোলা হয়েছে প্রতাপগড় ঋষি কলোনীর প্রতাপগড় ইংলিশ মিডিয়াম উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে, স্বামী দয়ানন্দ উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে, আড়ালিয়া ঋষিদাস কলোনী এস.বি. স্কুলে এবং অক্ষয় কুমার জে.বি. স্কুলে। সদর মহকুমা শাসকের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

*****